...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
প্রশাসন শাখা

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	জান্নাতুল ফেরদৌস উপ-পরিচালক
সভার তারিখ	১৩ অক্টোবর ২০১৯
সভার সময়	সকাল ১০.০০ টায়
স্থান	ট্রাস্টের সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট "ক"

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি বলেন প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এর সার্বিক কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে নিয়মিত সভা করা প্রয়োজন। তবে এ মাসে পূজার কারণে কয়েকজন কর্মকর্তা ছুটিতে থাকায় যথাসময়ে সমন্বয় সভার আয়োজন করা সম্ভব হয়নি। তিনি ভবিষ্যতে যথাসময়ে সমন্বয় সভা অনুষ্ঠানের বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সহকারী পরিচালক, (প্রশাসন) গত ০২/০৯/২০১৯ খ্রি: তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদন করা হয়।

২। সভায় বিভিন্ন বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

ক্রমিক নং	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়ন
১.	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের সহকারী পরিচালক (উপবৃত্তি) জানান ১৬/০৯/২০১৯ তারিখে শিক্ষার্থীদের নামের তালিকা অনুযায়ী ৩০/০৯/২০১৯ তারিখের মধ্যে বিকাশ একাউন্ট খোলার জন্য অগ্রণী ব্যাংক বরাবর পত্র প্রেরণ করা হয়। ২৫/০৯/২০১৯ তারিখে আর একটি পত্রের মাধ্যমে বিকাশ একাউন্ট খোলার সময়সীমা ১০/১০/২০১৯ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়। ০৭/১০/২০১৯ তারিখে বিভিন্ন প্রতিষ্ঠানের ৩২৭৭ জন	১৩/১০/২০১৯ তারিখের মধ্যে যে সকল কলেজের ছাত্র ছাত্রীদের নাম বাদ পড়েছে তাদের অন্তর্ভুক্তকরণের জন্য অগ্রণী ব্যাংক বরাবর সংশোধিত তালিকা প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। ভবিষ্যতে ট্রাস্টের সাথে আর্থিক প্রতিষ্ঠানের চুক্তির ক্ষেত্রে কোন পক্ষ চুক্তির শর্ত ভঙ্গ করলে আর্থিক ক্ষতিপূরণের ব্যবস্থা রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (উপবৃত্তি)

	শিক্ষার্থীকে অন্তর্ভুক্ত করার জন্য একটি তালিকা প্রেরণ করা হয়। তিনি বলেন, অসতর্কতাবশত নওয়াপাড়া সরকারী কলেজের শিক্ষার্থীদের তালিকা সম্পূর্ণ বাদ পড়েছে এবং ভুলবশত ডাটা/এন্ট্রির সময় কিছু কলেজের ছাত্র ছাত্রীর নাম বাদ পড়েছে। সহকারী পরিচালক (উপবৃত্তি) জানান, বিকাশ একাউন্ট খোলার কাজ প্রায় ৭০ ভাগ সম্পন্ন হয়েছে। কিন্তু অগ্রণী বাংকের চুক্তি মোতাবেক ১৫ (পনের) দিনের মধ্যে রিপোর্ট দেওয়ার কথা থাকলেও যথাসময়ে রিপোর্ট না দেওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। একাউন্ট খোলার মেয়াদ বৃদ্ধির বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।			

২.	দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের ২০১৯-২০ অর্থ বছরে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা এবং দূর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদানের জন্য এখন পর্যন্ত কোন সভা অনুষ্ঠিত হয়নি। নীতিমালা অনুযায়ী বছরে তিনটি সভা অনুষ্ঠানের কথা রয়েছে। এ কারণে দ্রুত একটি সভা আহবানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	অক্টোবরের শেষ সপ্তাহে মাধ্যমিক ও সমমান, উচ্চ মাধ্যমিক ও সমমান এবং স্নাতক পাস ও সমমান পর্যায়ে ছাত্র ছাত্রীদের ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা প্রদানের জন্য এবং দূর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদানের জন্য একটি সভা আহবান করা হবে। ২০২০ সাল থেকে মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক পর্যায়ে শিক্ষার্থীদের তিনটি পৃথক পর্যায়ে সভা অনুষ্ঠানের মাধ্যমে আর্থিক সহায়তা প্রদান করা হবে। ১৫ জানুয়ারীর মধ্যে মাধ্যমিক ও সমমান পর্যায়ের, ১৫ জুলাই এর মধ্যে উচ্চ মাধ্যমিক ও সমমান পর্যায়ের এবং ১৫ অক্টোবরের মধ্যে স্নাতক পাস ও সমমান পর্যায়ের শিক্ষার্থীদের আবেদনের সময়সীমা বেঁধে দেওয়া হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)
৩.	"দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা নীতিমালা, ২০১৯" এবং "দূর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদান নীতিমালা, ২০১৯" ব্যাপক প্রচারের জন্য ইতোমধ্যে সকল জেলা প্রশাসক, সকল UNO এবং USEO দের পত্র প্রেরণ করা হয়েছে। বিভিন্ন কলেজের অধ্যক্ষ বরাবর পত্র প্রেরণের বিষয়ে আলোচনা হয়।	"দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি নিশ্চিতকরণে আর্থিক সহায়তা নীতিমালা, ২০১৯" এবং "দূর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদান নীতিমালা, ২০১৯" ব্যাপক প্রচারের জন্য বিভিন্ন কলেজের অধ্যক্ষ বরাবর পত্র প্রেরণ করা হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)

৪.	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের কর্মকর্তা/কর্মচারীদের ভবিষ্য তহবিল গঠন এবং একটি পেনশন পরিকল্প প্রস্তুত করে সুনির্দিষ্ট প্রস্তাবসহ তা ট্রাস্টি বোর্ড এবং উপদেষ্টা পরিষদ এর সভায় উপস্থাপনের বিষয়ে আলোচনা হয়।	আগামী ০১ (এক) সপ্তাহের মধ্যে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের কর্মকর্তা/কর্মচারীদের ভবিষ্য তহবিল গঠনের পূর্ণাঙ্গ প্রস্তাব ট্রাস্টের প্রশাসন এবং অর্থ ও হিসাব শাখায় জমা প্রদান করতে হবে।	প্রোগ্রামার
৫.	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টে ০৭ (সাত) জন অফিস সহায়ক, ০১ (এক) জন গার্ড এবং ০১ (এক) জন সুইপারসহ মোট ০৯ (নয়) জন আউটসোর্সিং এর মাধ্যমে নিযুক্ত আছে। উক্ত ০৯ (নয়) টি পদে নিয়োগকৃতদের মেয়াদ জুন ২০২০ এ শেষ হয়ে যাবে। উক্ত পদ সমূহে স্থায়ীভাবে নিয়োগের বিষয়ে আলোচনা হয়।	২০২০ সালে আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগকৃতদের মেয়াদ শেষ হয়ে গেলে উক্ত পদসমূহে স্থায়ীভাবে নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (প্রশাসন)
৬.	আগামী সপ্তাহে “অফিস ব্যবস্থাপনা” শীর্ষক ০১ (এক) দিনব্যাপী প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠানের বিষয়ে আলোচনা হয়।	আগামী সপ্তাহে “অফিস ব্যবস্থাপনা” শীর্ষক ০১ (এক) দিনব্যাপী প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হবে।	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
৭.	ট্রাস্টের ই-মেইল ঠিকানা পরিবর্তনের বিষয়ে এবং সম্মেলন কক্ষের জন্য আলাদা রাউটার স্থাপনের বিষয়ে আলোচনা হয়।	ট্রাস্টের ডোমেইন এড্রেস pmedutrust.gov.bd এর পরিবর্তে pmeat.gov.bd এবং ই-মেইল এড্রেস md_pmedutrust@yahoo.com এর পরিবর্তে mdpmeat@gmail.com হবে।	প্রোগ্রামার

৮.	সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) বলেন, ট্রাস্টের সম্মেলন কক্ষ সংলগ্ন ০৩ (তিন) টি ওয়াশরুম অরিক্রম করে ট্রাস্টের সম্মেলন কক্ষে প্রবেশ করতে হয়। ওয়াশরুম থেকে প্রায়ই দুর্গন্ধ আসে তাই তিনি সম্মেলন কক্ষের ওয়াশরুমসহ মোট ০৪ (চার) টি ওয়াশরুমে ডোর ক্লোজার লাগানোর প্রস্তাব করেন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের কর্মকর্তাদের ওয়াশরুম, কর্মচারীদের ওয়াশরুম, মহিলাদের ওয়াশরুম এবং সম্মেলন কক্ষের ওয়াশরুমসহ মোট ০৪ (চার) টি ওয়াশরুমে ডোর ক্লোজার লাগানো হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)
৯.	ট্রাস্ট অফিসে বিভিন্ন রুমের দেয়াল স্যাঁতস্যাঁতে হয়ে রং নষ্ট এবং বিভিন্ন গ্লাস ডোরের লক নষ্ট হয়ে যাওয়ায় এগুলো মেরামতের বিষয়ে আলোচনা হয়।	বিভিন্ন কক্ষের স্যাঁতস্যাঁতে দেয়ালের রং লাগানো এবং গ্লাস ডোরের লক মেরামতের সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী পরিচালক (প্রশাসন)
১০.	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট শিক্ষা বোর্ড কম্পিউটার কেন্দ্র ভবনের দ্বিতীয় তলায় অবস্থিত। উক্ত ভবনের মূল পানির লাইনে সমস্যা থাকায় ট্রাস্ট অফিসে প্রায়ই পানি আসে না। এ কারণে ট্রাস্ট অফিসের পানির লাইন আলাদাকরণের জন্য আলোচনা হয়। এ ছাড়া তৃতীয় তলার ওয়াশরুমের ময়লা পানি ট্রাস্ট অফিসের সম্মেলন কক্ষ সংলগ্ন দুইটি ওয়াশরুমে প্রবেশ করায় উক্ত ওয়াশরুম দুটি ব্যবহারের অনুপযোগী হয়ে পড়ে। এ সমস্যার সমাধানের বিষয়ে আলোচনা হয়।	প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের পানির লাইন ভবনের মূল লাইন থেকে আলাদা করা হবে। পানির লাইন আলাদাকরণের বিষয়টি অবহিতকরণ এবং তৃতীয় তলায় অবস্থিত কুমিল্লা বোর্ডের ওয়াশরুমের পানি নিষ্কাশনের লাইন মেরামতের অনুরোধ জানিয়ে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান বরাবর পত্র প্রেরণ করা হবে।	সহকারী পরিচালক (প্রশাসন)

জান্নাতুল ফেরদৌস
উপ-পরিচালক

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০১.০৬.০০২.১৮.২২২

তারিখ: ৪ কার্তিক ১৪২৬
২০ অক্টোবর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৩) সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৪) সহকারী পরিচালক , প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৫) সহকারী পরিচালক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৬) প্রোগ্রামার , এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৭) সহকারী প্রোগ্রামার , এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৮) হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
৯) ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১০) ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১১) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১২) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৩) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৪) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৫) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৬) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৭) ডাটা এন্ট্রি অপারেটর, এমআইএস শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
১৮) অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

AJahan
রেজওয়ানা আক্তার জাহান
সহকারী পরিচালক